

কীভাবে অর্ডার পাবেন

New York স্টেটের COVID-19 সবেতন অসুস্থতাজনিত ছুটি আইনের অধীনে বাধ্যতামূলক বা সতর্কতামূলক কোয়ারেন্টাইনের জন্য



এই আইন COVID-19 সতর্কতামূলক বা কোয়ারেন্টাইনের বাধ্যতামূলক অর্ডারের সাপেক্ষে কাজ করতে অক্ষম New York-এর কর্মচারীদের জন্য গ্যারান্টিযুক্ত চাকরি সুরক্ষা এবং সবেতন ছুটি প্রদান করে। সুবিধাগুলি শুধুমাত্র কোয়ারেন্টাইন বা আইসোলেশন অর্ডারের সময়কালের জন্য উপলব্ধ।

কর্মীদের কী কী করতে হবে

আপনি যদি টিকা নেওয়া নির্বিশেষে পজিটিভ COVID-19 ফলাফল পান:

- কমপক্ষে 5 সম্পূর্ণ দিনের জন্য আইসোলেশনে থাকুন, 0-তম দিন হবে আপনার লক্ষণ প্রকাশের তারিখ বা COVID-19-এর পজিটিভ হওয়ার দিন
- আইসোলেশনের একটি নিশ্চিতকরণ প্রাপ্ত করুন।

আপনি যদি কোনও COVID-19 ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন এবং নিজের COVID-19 টিকার বিষয়ে আপ টু ডেট না থাকেন:

- বাড়িতে থাকুন এবং অন্তত 5 দিন কোয়ারেন্টাইনে থাকুন
- কোয়ারেন্টাইনের একটি নিশ্চিতকরণ পান

আইসোলেশন এবং কোয়ারেন্টাইনের বিষয়ে আরও জানতে অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: coronavirus.health.ny.gov/new-york-state-contact-tracing

নথির নির্দেশিকা

আইসোলেশনের নিশ্চিতকরণ

আপনি বা আপনার নাবালক নির্ভরশীল সন্তান যদি COVID-19 পজিটিভ হয়ে থাকেন এবং আইসোলেশনে থাকেন তবে এই নিশ্চিতকরণটি সম্পূর্ণ করুন।

আইসোলেশনের নিশ্চিতকরণের বিষয়ে আরও জানতে অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: coronavirus.health.ny.gov/system/files/documents/2022/01/affirmation_of_isolation_011222.pdf

কোয়ারেন্টাইনের নিশ্চিতকরণ

আপনার নাবালক নির্ভরশীল সন্তান থাকলে এই ফর্ম পূরণ করুন।

- COVID-19 পজিটিভ ব্যক্তির সংক্রামক সময়ের মধ্যে ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছে; এবং
- সংক্রামক সময়কালে একজন COVID-19 পজিটিভ ব্যক্তির সংস্পর্শে আসার সময় বুস্টার শট সহ COVID-19 টিকার বিষয়ে আপ-টু-ডেট ছিল না; এবং
- কোয়ারেন্টাইনে ছিল।

কোয়ারেন্টাইনের নিশ্চিতকরণের বিষয়ে আরও জানতে অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: coronavirus.health.ny.gov/system/files/documents/2022/01/Affirmation_Of_Quarantine_011222.pdf

যাচাইকরণ

আপনার দাবির অংশ হিসাবে আপনার প্রদত্ত তথ্য যাচাই করার জন্য আপনার সবেতন পারিবারিক ছুটির বাহক আপনার সাথে যোগাযোগ করতে পারে।

দাবির প্রত্যাখ্যান

যদি আপনি উপরোক্ত ধাপ অনুসরণ না করেন, তাহলে আপনার বাহক সবেতন পারিবারিক ছুটির দাবি প্রত্যাখ্যান করতে পারে।

আইন সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন paidfamilyleave.ny.gov/COVID19।

নিয়োগকর্তার যা জানা উচিত

আপনি যদি সতর্কতামূলক কোয়ারেন্টাইনে কর্মীদের বাড়ি পাঠান, তাহলে তাদের কোয়ারেন্টাইনের সময়কালে, উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে তারা চাকরি সুরক্ষা, আপনার দেওয়া পারিবারিক ছুটি এবং প্রতিবন্ধীতা সুবিধা বীমা প্রদানকারীর মাধ্যমে COVID-19 অসুস্থতাজনিত ছুটি এবং/অথবা সবেতন সুবিধা পাওয়ার অধিকারী হবেন।

COVID-19 সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে New York স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (স্বাস্থ্য বিভাগ) কবোনানাভাইরাস ওয়েবসাইট দেখুন coronavirus.health.ny.gov/home।